গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়, নীলফামারী।
www.dncrp.nilphamari.gov.bd

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:**

সভাপতি: মোঃ শামসুল আলম, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নীলফামারী।
সভার তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.
সময়: দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান: জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নীলফামারী।
সভার উপস্থিতি: পরিশিষ্ট ক-এ সংযোজিত।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা শুরু করা হয়। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শামসুল আলম ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে ভোক্তা-অধিকার, ভোক্তা-অধিকার বিরোধী বিভিন্ন অপরাধ এবং অভিযোগ দায়ের ও নিষ্পত্তি বিষয়ে আলোকপাত করেন। সভাপতি মহোদয় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯, বাস্তবায়নের মাধ্যমে কিভাবে সুশাসন প্রতিষ্ঠিত হচ্ছে সে বিষয়ে আলোচনা করেন। অতঃপর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত/ মতামত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার পর্যালোচনা | সভায় অবহিত করা হয় যে, নিত্যপ্রয়োজনীয় পণ্যসমূহ যেমন: চাল, আটা, পেঁয়াজ, রসুন, আদা, তেল, চিনি, মসলা ও সবজির বাজার দর পর্যালোচনা করে দেখা যায় দ্রব্যমূল্য স্থিতিশীল রয়েছে। তাই দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে বাজার মনিটরিং অব্যাহত রাখা প্রয়োজন। | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নীলফামারী |
| ২ | নির্ধারিত মূল্যের অধিক মূল্যে পণ্য ও সেবা বিক্রয়ের বিষয়ে আলোচনা হয় | নির্ধারিত মূল্যের অধিক মূল্যে পণ্য ও সেবা বিক্রয়ের বিরুদ্ধে তদারকিমূলক অভিযান পরিচালনা করতে হবে। | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নীলফামারী |
| ৩ | ভোক্তা-অধিকার বিরোধী অপরাধের জন্য ভোক্তা কর্তৃক লিখিত অভিযোগ দায়েরের বিষয়ে আরও অধিকতর প্রচারণার বিষয়ে আলোচনা হয় | লিখিত অভিযোগ দায়ের বিষয়ে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে। | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নীলফামারী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৪/০৯/২০২৩
(মোঃ শামসুল আলম)
সহকারী পরিচালক
মোবাইল: ০১৩১৮-৩৯৬৯৮৯
ই-মেইল: ad-nilphamari@dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.৭৩০০.৬০৬.০৬.০০১.২১-৫১৭

তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল:

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

২। উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর।

৩। অফিস নথি।

০৪/০৯/২৩

(মোঃ শামসুল আলম)
সহকারী পরিচালক
মোবাইল: ০১৩১৮-৩৯৬৯৮৯
ই-মেইল: ad-nilphamari@dncrp.gov.bd